দৈনিক জনকণ্ঠ

তারিখ ...1-9 APR 1995 ... ...
পৃষ্ঠা 7 কলাম ৬ ...

24

# এসএসসি পরীক্ষার ভুয়া রেজিস্ট্রেশন ॥ এক শিক্ষক গ্রেফতার

ঝিনাইদহ, ১৮ এপ্রিল, (নিজস্ব সংবাদদাতা)।- ঝিনাইদহে এসএসসি পরীক্ষার ভুয়া রেজিস্ট্রেশন করার অপরাধে ১টি বিদ্যালয়ের ১ সহকারী শিক্ষককে গ্রেফতার

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## এসএসসি পরীক্ষার

(প্রথম পাতার পর)

করা হয়েছে। এ ঘটনায় স্কুলটির প্রধান শিক্ষক পলাতক রয়েছেন। জানা গেছে, ১৯৯৫ সালের যশোর বোর্ডের অধীনে আসন্ন এসএসসি পরীক্ষায় অংশ নেয়ার জন্য ঝিনাইদহ সদর থানার মধুপুর বেসরকারী হাইস্কুলের প্রধান শিক্ষক ৩শ' ৬৮ ছাত্রছাত্রীর কাছ থেকে আবেদনপত্র পূরণের জন্য টাকা নেন। বোর্ড কর্তৃপক্ষ এর মধ্যে ১শ' ২ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করে। বাকি ২শ' ৬৬ জন ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন ভুয়া বলে বাতিল ঘোষণা করা হয়। এসব ছাত্রছাত্রী প্রবেশপত্র না পেয়ে ক্ষিপ্ত হয়ে মঙ্গলবার দুপুরে প্রধান শিক্ষকের বাসভবন ঘেরাও করে। বিক্ষুব্ধ ছাত্ররা পরে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে। এ ব্যাপারে উক্ত স্কুলের সভাপতি ইউপি চেয়ারম্যান প্রধান শিক্ষক ও একজন সহকারী শিক্ষকের বিরুদ্ধে মামলা দায়ের করেন। পরে পুলিশ সহকারী শিক্ষক সবেদ আলীকে গ্রেফতার করেছে। প্রধান শিক্ষক পলাতক রয়েছেন।